

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষা প্রতিমন্ত্রী নিজেই নকল ধরলেন

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন স্বয়ং গতকাল বৃহস্পতিবার জগন্নাথ কলেজ কেন্দ্রে এক ডিগ্রী পরীক্ষার্থীর নকল ধরেছেন। গতকাল বেলা ১২টার দিকে নতুন পাঠ্যপুস্তক সরবরাহ পরিস্থিতি সরেজমিনে দেখার জন্য বাংলাবাজারে যাওয়ার পথে তিনি অকস্মাৎ জগন্নাথ কলেজে ঢুকে পড়েন। এ সময় ডিগ্রী পরীক্ষা চলছিল। প্রতিমন্ত্রী ঘটনার বর্ণনা দিয়েছেন এভাবে 'অবিশ্বাস্য ঘটনা। একাটি ছোট রুমের মধ্যে একজন পরীক্ষার্থী একা প্রকাশ্যে বই দেখে লিখছেন। তার পাশে কোন শিক্ষক-শিক্ষিকা ছিলেন না। উক্ত পরীক্ষার্থীর নাম গোলাম ফারুক। সে ছাত্রলীগ জগন্নাথ কলেজ শাখার নেতা।' এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, পরীক্ষায় অব্যবস্থার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

জগন্নাথ কলেজ থেকে বেরিয়ে তিনি বাংলাবাজার যান। তিনি বোর্ডের নকল বই এবং পুরান বই উদ্ধার করেন।